ই - সংবাদ

।। প্রেস রিলিজ - তথ্য ও সংস্কৃতি দপ্তর - ত্রিপুরা সরকার - ১৫/০৫/২০১৮ ।।

সিপাহীজলায় বিদ্যুৎ নিগমের ১০০ দিনের কর্মসূচি

বিশ্রামগঞ্জ, ১৪ মে।। সিপাহীজলা জেলাতে ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগমের উদ্যোগে ১০০ দিনের কর্মসূচি অনুযায়ী বিভিন্ন কাজ হচ্ছে। সেই কর্মসূচিতে রবীন্দ্র নগর বিদ্যুৎ ডিভিশনের অধীনে মোহনভোগ ব্লকে ৩১টি এবং কাঁঠালিয়া ব্লকে ২৯টি করে পরিবারকে প্রথম পর্যায়ে শিবিরের মাধ্যমে বিদ্যুৎ সংযোগ দেয়া হয়েছে। এ ছাড়াও মোহনভোগ ব্লকে ৭৩টি এবং কাঁঠালিয়া ব্লকে ৯১টি পরিবারকে বিদ্যুৎ সংযোগ দেয়া হয়েছে।তাছাড়াও দ্বিতীয় পর্যায়ে বিদ্যুৎ সংযোগ শিবিরের মাধ্যমে মোহনভোগ ব্লকে ১৯৪টি এবং কাঁঠালিয়া ব্লকের ৯৪টি পরিবারকে বিদ্যুৎ সংযোগ দেয়া হয়েছে। অন্যদিকে, মোহনভোগ ব্লকে ৫৬৭টি এবং কাঁঠালিয়া ব্লকে ৬১১টি পুরোনো ও অকেজো মিটারবক্স পাল্টিয়ে নতুন মিটারবক্স বসানো হয়েছে। অন্যদিকে, মোহনভোগ ব্লকে ১২৫টি এবং কাঁঠালিয়া ব্লকে ২১১টি অবৈধ বিদ্যুৎ লাইন ছিন্ন করা হয়েছে। ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগমের সিপাহীজলা জেলা কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

কুমারঘাট মহকুমায় শৌচালয় নির্মাণ

কৈলাসহর, ১৪ মে।। স্বচ্ছ ভারত মিশন কর্মসূচিতে কুমারঘাট মহকুমায় ৩,৩৩৭টি বি পি এল ভুক্ত পরিবারকে বিজ্ঞান সম্মত শৌচালয় নির্মাণ করে দেয়া হচ্ছে। এর মধ্যে কুমারঘাট ব্লকের ২,২৭৭টি এবং পেঁচারথল ব্লকের ১,০৬০টি পরিবারকে এই শৌচালয় নির্মাণ করে দেয়া হচ্ছে। গত এপ্রিল মাস পর্যন্ত কুমারঘাট ব্লকে ২৫৮টি এবং পেঁচারথল ব্লকের ১৪২টি পরিবারের শৌচালয় নির্মাণের কাজ শেষ হয়েছে। কুমারঘাট ব্লকে আরও ১,১৭৫টি এবং পেঁচারথল ব্লকে ৩৭২টি শৌচালয় বর্তমানে নির্মাণের কাজ চলছে। ঊনকোটি জেলা স্বচ্ছ ভারত মিশন কর্মসূচির সদস্য সচিব এই সংবাদ জানিয়েছেন।

উদয়পুরে ড. বি আর আম্বেদকরের জন্মজয়ন্তী উপলক্ষ্যে আলোচনা সভা

উদয়পুর, ১৪ মে।। উদয়পুর মহকুমা প্রশাসনের উদ্যোগে আজ উদয়পুর টাউনহলে ড. বি আর আম্বেদকরের ১২৮-তম জন্মজয়ন্তী উপলক্ষ্যে সামাজিক ন্যায় ও ড. বি আর আম্বেদকর শীর্ষক মহকুমা ভিত্তিক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। প্রদীপ প্রজ্জ্বলনের মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা করেন কৃষি, পরিবহণ ও পর্যটন মন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। উদ্বোধকের ভাষণে মন্ত্রী শ্রীরায় বলেন, ভারতবর্ষের মত বৈচিত্রপূর্ণ দেশ পৃথিবীর কোথাও নেই। এদেশে বিভিন্ন ধর্মের, জাতির মানুষ রয়েছে। প্রাচীন সমাজ ব্যবস্থায় ধর্মের ভিত্তিতে, জাতের ভিত্তিতে ভেদাভেদ ছিল প্রকট। এর বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছিলেন ড. বি আর আম্বেদকর। অস্পৃশ্যতার বিরুদ্ধেও তিনি আন্দোলন করেছেন। সংবিধান রচনার মধ্য দিয়ে ড. বি আর আম্বেদকর দূরদর্শিতার পরিচয় দিয়েছেন। সমাজ থেকে জাতিভেদ প্রথা দূর করার জন্য তিনি সব সময় সংগ্রাম করে গেছেন। মানুষের মধ্যে সামাজিক ন্যায় প্রতিষ্ঠার জন্যও লড়াই করে গেছেন।

অনুষ্ঠানের প্রধান বক্তা মোহনপুর স্বামী বিবেকানন্দ মহাবিদ্যালয়ের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ড. নির্মল ভদ্র বলেন, ড. বি আর আম্বেদকর ছিলেন শোষিত বঞ্চিত নিপীড়িত মানুষের নেতা। সমাজে ন্যায় প্রতিষ্ঠার জন্য যতজন মণিষী ছিলেন তাদের মধ্যে আম্বেদকর অন্যতম। অনুষ্ঠানের সভাপতি জীতেন্দ্র মজুমদার বলেন, আম্বেদকরের চিন্তাধারা, দর্শন ইত্যাদি আজকের দিনেও প্রাসঙ্গিক। সমাজ থেকে শ্রেণীভেদ, জাতিভেদ প্রথাকে নির্মূল করার জন্য রাস্তা দেখিয়েছিলেন আম্বেদকর। তাঁর পথকে অবলম্বন করে আমাদের আগামী দিনে এগিয়ে যেতে হবে। তবেই জাতিভেদ প্রথা নির্মূল হবে। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন অবসরপ্রাপ্ত শিক্ষক সমীর চক্রবর্তী। স্বাগত ভাষণ দেন অতিরিক্ত মহকুমা শাসক সুব্রত মজুমদার। অনুষ্ঠানে উদয়পুর মহকুমার বিভিন্ন প্রান্ত থেকে প্রায় পাঁচ শতাধিক নারী পুরুষ অংশ গ্রহণ করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে সমাজসেবী পদ্মমোহন জমাতিয়া, সম্মানিত অতিথি হিসেবে গোপাল দাস, মানিক দাস, সুকুমার দাস, অমল সরকার, অমর চন্দ্র দাস প্রমুখ উপস্থিত ছিলেন।

পূর্ত্ত দপ্তরে ই-প্রকিউরমেন্ট সলিউশন

আগরতলা, ১২ মে।। ত্রিপুরা সরকারের অর্থ দপ্তর থেকে ২০১৭ সালের ১৭ মে জারী করা এক নির্দেশিকা(Memo)-য় দক্ষতা, দায়বদ্ধতা ও স্বচ্ছতা বাড়ানোর লক্ষ্যে সমস্ত সরকারী দপ্তর ও স্ব-শাসিত সংস্থাগুলিতে ই-প্রকিউরমেন্ট ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশ দেয়া হয়। উল্লেখিত মেমোতে পরিস্কারভাবে উল্লেখ করা হয়েছে যে, সমস্ত মালপত্র, পরিষেবা ও পরামর্শ সংক্রান্ত সংগ্রহ যা নাকি ৩(তিন) লক্ষ টাকার বেশি মূল্যের এবং ২৫ লক্ষ টাকার বেশী EPC, ভারত সরকারের NIC-এর তৈরী ই-প্রকিউরমেন্ট ব্যবস্থার মাধ্যমে করতে হবে। পূর্ত্ত দপ্তরের বিভিন্ন কার্যালয়ে ই-প্রকিউরমেন্ট ব্যবস্থা চালু করা হলেও ধার্য্য করা আর্থিক সীমা অনেক ক্ষেত্রে মানা হয়নি। ফলে ১০০ লক্ষ টাকার বেশি দরপত্রও অফ লাইনে করা হয়েছে, যার ফলে অর্থ দপ্তরের জারী করা নীতি নির্দেশিকা উল্লঙ্ঘিত হয়েছে। পূর্ত্ত দপ্তরের (R & B) ই-প্রকিউরমেন্ট-এর সুবিধার্থে সার্কেল/ডিভিশন স্তরের সংশ্লিষ্ট আধিকারিকদের গত ২০১৭ সালের ৮ ডিসেম্বর ডি এস সি সংগ্রহের জন্য নির্দেশ দেওয়া হয়। কিন্তু বহু সার্কেল/ডিভিশন কার্যালয়ে উপযুক্ত সংখ্যায় ডি এস সি সংগ্রহ করা হয়নি। ফলে ডিভিশন অফিসগুলির পাঠানো ই-দরপত্র আপলোড করার ব্যাপারে চীফ ইঞ্জিনিয়ারের অফিসে মারাত্মক কাজের চাপ পড়েছে। উপরোক্ত পরিস্থিতিতে টি এইচ সি বি সহ পূর্ত্ত দপ্তরের সমস্ত প্রকৌশলী শাখার কর্তৃপক্ষকে অর্থ দপ্তরের ১৭.০৫.২০১৭ তারিখের মেমোতে জারী করা সমস্ত নীতি নির্দেশিকা হুবহু অনুসরণ করার জন্য পূর্ত্ত দপ্তরের(রোড এন্ড বিল্ডিং) পক্ষ থেকে নির্দেশ দেওয়া হয়েছে। যে সকল আধিকারিক তা করতে অসমর্থ হবেন তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা

নেওয়া হবে বলে মেমোতে উল্লেখ করা হয়েছে।

ধর্মনগরে বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে রবীন্দ্র জয়ন্তী পালিত

ধর্মনগর, ১১ মে।। বিদ্যালয় শিক্ষা দপ্তরের উত্তর ত্রিপুরা জেলা কার্যালয়ের উদ্যোগে গত ৯ মে রবীন্দ্র জন্মজয়ন্তী উপলক্ষ্যে ধর্মনগর বিবেকানন্দ সার্ধ শতবার্ষিকী ভবনে যথাযোগ্য মর্যাদায় কবি প্রণাম অনুষ্ঠিত হয়। প্রভাত ফেরীর মধ্য দিয়ে এদিনের কর্মসূচির সূচনা হয়। ধর্মনগর বিদ্যালয় পরিদর্শকের কার্যালয় প্রাঙ্গণ থেকে প্রভাতফেরী শুরু হয়ে শহরের প্রধান পথ পরিক্রমা করে ধর্মনগর বিবেকানন্দ সার্ধ শতবার্ষিকী ভবনে এসে শেষ হয়। প্রভাতফেরী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক বিশ্ববন্ধু সেন, পুর পরিষদের চেয়ারপার্সন শক্তি ভট্টাচার্য্য প্রমুখ। বিবেকানন্দ সার্ধ শতবার্ষিকী ভবনে প্রভাতী কবি প্রণাম অনুষ্ঠানের প্রদীপ প্রজ্জ্বলন করে উদ্বোধন করেন বিধায়ক বিশ্ববন্ধু সেন। উদ্বোধকের ভাষণে বিধায়ক শ্রী সেন রবীন্দ্রনাথ ঠাকুরের চিন্তা, চেতনা মানুষের কাছে পৌঁছে দেয়ার আহ্বান জানান। অনুষ্ঠানে ধর্মনগর পুর পরিষদ এলাকার বিভিন্ন বিদ্যালয়ের ৫০জন শিল্পী রবীন্দ্র নৃত্য, সংগীত ও আবৃত্তি পরিবেশন করে।

প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা ঃ দুস্কিতে আলোচনাচক্র

খোয়াই, ১১ মে।। দিব্যোদয় কৃষি বিজ্ঞান কেন্দ্রের উদ্যোগে আজ তেলিয়ামুড়া ব্লকের দুস্কি-কমিউনিটি হলে প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনার উপর সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধানসভার মুখ্যসচেতক বিধায়ক কল্যাণী রায়। সংক্ষিপ্ত আলোচনায় তিনি বিজ্ঞান ভিত্তিক চাষাবাদের সাথে ফসল বীমা যোজনার সুবিধা গ্রহণ করার জন্য কৃষকদের প্রতি আহ্বান জানান। স্বাগত ভাষণ দেন দিব্যোদয় কৃষি বিজ্ঞান কেন্দ্রের কৃষি বিজ্ঞানী ড. দীপক নাথ। অনুষ্ঠানে বক্তব্য রাখেন খোয়াই জেলার কৃষি উপ-অধিকর্তা সংগ্রাম দাস। ফসল বীমা যোজনা কিভাবে করতে হবে ও তার সুবিধাগুলি কি কি এনিয়ে সবিস্তারে আলোচনা করেন জেলা কৃষি কার্যালয়ের সহ-অধিকর্তা মৃণাল কান্তি চৌধুরী, কৃষি বিজ্ঞানী ড. ডি.নাথ, তেলিয়ামুড়ার কৃষি তত্ত্বাবধায়ক বাসব দে প্রমুখ। অনুষ্ঠানে দিব্যোদয় কৃষি বিজ্ঞান কেন্দ্রের পক্ষ থেকে দুস্কি এলাকার ৫জন কৃষকের হাতে শংসাপত্র তুলে দেয়া হয়। তাদের হাতে শংসাপত্র তুলে দেন মুখ্যসচেতক কল্যাণী রায়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সোনাচরণ দেববর্মা। এলাকার ১৫০জন কৃষক অনুষ্ঠানে অংশ নেন।

১৩মে কাঁঠালিয়ায় কবি প্রণাম অনুষ্ঠান

সোনামুড়া, ১১ মে।। তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং কাঁঠালিয়া ব্লকের যৌথ উদ্যোগে কাঁঠালিয়া ব্লক ভিত্তিক ১৫৭তম রবীন্দ্র জন্মজয়ন্তীর অনুষ্ঠান আয়োজিত হবে আগামী ১৩মে মাছিমা কমিউনিটি হলে। ঐদিন বিকাল ৩টায় অনুষ্ঠানের উদ্বোধন করবেন বিশিষ্ট সমাজসেবী প্রতিমা ভৌমিক। অনুষ্ঠানে উপস্থিত থাকবেন কাঁঠালিয়া সমষ্টি উন্নয়ন আধিকারিক অভিজিৎ চক্রবর্তী। সঙ্গীত, নৃত্য, আবৃত্তি ও আলোচনার মধ্য দিয়ে কবির প্রতি শ্রদ্ধা জানানো হবে।

মহাকরণে জনতার দরবার অনুষ্ঠিত

আগরতলা, ১১ মে।। নির্ধারিত সূচি অনুযায়ী আজ মহাকরণের ২ নং কনফারেন্স হলে জনতার দরবার অনুষ্ঠিত হয়। রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আসা জনগণের সমস্যার কথা শুনেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। আজ জনতার দরবার-এ মুখ্যমন্ত্রী ছাড়াও উপস্থিত ছিলেন মুখ্যসচিব সঞ্জীব রঞ্জন, মুখ্যমন্ত্রীর প্রধান সচিব কুমার অলক এবং বিভিন্ন দপ্তরের প্রধান সচিব ও সচিবগণ। মুখ্যমন্ত্রী প্রত্যেকের বিভিন্ন সমস্যার কথা শুনেন ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য তাদেরকে আশ্বস্ত করেন। জনগণের সাথে সাক্ষাৎকারের সময় মুখ্যমন্ত্রী কর্মসংস্থান ও অন্যান্য সার্বিক বিষয়ের কথা প্রসঙ্গে বলেন, রাজ্য সরকার মেধার ভিত্তিতেই সম্পূর্ণ স্বচ্ছ প্রক্রিয়া অবলম্বনে যোগ্যকে চাকুরিতে নিয়োগ করবে এবং সে লক্ষ্যেই সুষ্ঠু ও স্বচ্ছ সরকারী নিয়োগ-নীতি চালু করতে চলেছে বর্তমান রাজ্য সরকার। যুবক-যুবতীদের সরকারী সহায়তায় দক্ষতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণ লাভের মধ্য দিয়ে স্বাবলম্বী হয়ে উঠতে তিনি পরামর্শ দেন। তাছাড়া, প্রধানমন্ত্রী মুদ্রা যোজনা সহ কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্পের সুযোগ গ্রহণ করে সরকারী সহায়তায় স্ব-উদ্যোগী হতেও পরামর্শ দেন তিনি। আজকের জনতার দরবার-এ জনগণ শিক্ষা, স্বাস্থ্য, রাস্তাঘাট এবং ভূমি সংক্রান্ত বিভিন্ন বিষয়ের কথা জানান।

সোনামুড়ায় রবীন্দ্র জয়ন্তীর দুই দিনের অনুষ্ঠানের সমাপ্তি

সোনামুড়া, ১১ মে।। ১৫৭তম রবীন্দ্র জন্মজয়ন্তী উপলক্ষ্যে মেলাঘরে অনুষ্ঠিত হয় দুইদিন ব্যাপী মনোজ্ঞ সাংস্কৃতিক উৎসব। তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং মেলাঘর পুর পরিষদের যৌথ উদ্যোগে এই উৎসবের আয়োজন করা হয়। গতকাল এই উৎসবের শেষ দিনে মেলাঘর টাউন হলে আয়োজিত হয় রবীন্দ্রনাথ ও ত্রিপুরা বিষয়ে ক্যুইজ প্রতিযোগিতা এবং আমন্ত্রিত শিল্পীদের সাংস্কৃতিক অনুষ্ঠান। এদিন সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজসেবী প্রতিমা ভৌমিক। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেলাঘর পুর পরিষদের মুখ্য কার্য্যনির্বাহী আধিকারিক অভিজিৎ দাস, সমাজসেবী হরেকৃষ্ণ দাস, বিশ্বজিৎ দাস, সুব্রত চক্রবর্তী, দীপক চক্রবর্তী, ঝুটন রায় প্রমুখ। সমাপ্তি অনুষ্ঠানে সমাজসেবী প্রতিমা ভৌমিক আলোচনায় বলেন, রবীন্দ্রনাথের সঙ্গে ত্রিপুরার ছিল আত্মিক সম্পর্ক। ত্রিপুরার রাজ পরিবার থেকেই রবীন্দ্রনাথকে প্রথম কবি হিসেবে স্বীকৃতি দেয়া হয়। তিনি বলেন, আমাদের রাজ্যে সংস্কৃতির এক সমৃদ্ধ ঐতিহ্য রয়েছে। রাজ পরিবার ও রবীন্দ্রনাথ থেকে আমরা যে সংস্কৃতির উত্তরাধিকার পেয়েছি তাকে আরো সমৃদ্ধ করে তোলার জন্য তিনি সকলের প্রতি আহবান জানান। অনুষ্ঠান শেষে সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কৃত করা হয়।

খয়েরপুরে কবি প্রণাম অনুষ্ঠান

আগরতলা, ১১ মে।। খয়েরপুর কালচারেল ফোরামের উদ্যোগে রবীন্দ্র জন্মজয়ন্তী উপলক্ষ্যে ৫ মে থেকে ১০ মে রবীন্দ্র সংগীত, নৃত্য, বসে আঁকো, ক্যুইজ এবং রবীন্দ্রনাথ ও ত্রিপুরা বিষয়ক প্রবন্ধ লেখা প্রতিযোগিতা আয়োজিত হয়েছে। গতকাল খয়েরপুর গীত বিতান হলে আয়োজিত কবি প্রণাম অনুষ্ঠানের মধ্য দিয়ে উক্ত প্রতিযোগিতায় বিজয়ী প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারীদের পুরস্কৃত করা হয়েছে। কবি প্রণাম ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক রতন চক্রবর্তী। উদ্বোধনী ভাষণে তিনি বলেন, রবীন্দ্রনাথ সর্বব্যাপী। সাহিত্য, কবিতা, নাচ, গান সর্বক্ষেত্রেই তিনি অপরূপ সৃষ্টি করে গেছেন। তাঁর বহুমুখী প্রতিভা শুধু ভারতে নয়, সারা পৃথিবীতেই সমাদৃত। তিনি বলেন, বিজ্ঞান ও প্রযুক্তিতে সারা দুনিয়া আধুনিক সভ্যতার দিকে দ্রুত এগিয়ে গেলেও রবীন্দ্রনাথ এখনো প্রাসঙ্গিক। তাঁকে বাদ দিয়ে কিছুই ভাবা যায় না। বিধায়ক শ্রী চক্রবর্তী বলেন, রবীন্দ্রনাথকে নিয়ে বলে শেষ করা যায় না। এ যে এক অফুরন্ত জ্ঞানভান্ডার, চির উজ্জ্বল এক সুস্থ সংস্কৃতির প্রদীপ। তাঁর সৃষ্টি মানুষকে আনন্দ বিনোদন দেয়ার পাশাপাশি মানসিক শক্তিও যোগায়। তিনি খয়েরপুর কালচারেল ফোরামের উদ্যোগে কবির জন্মদিন উপলক্ষ্যে যে সব সুস্থ সংস্কৃতির বিকাশের আয়োজন করা হয়েছে তার ভূয়সী প্রশংসা করেন। আগামী দিনে তারা যেন আরো বড় পরিসরে এই অনুষ্ঠান করতে পারে তার জন্য তিনি যথাসাধ্য সহযোগিতা করবেন বলেও জানান।

অনুষ্ঠানে স্বাগত ভাষণ রাখেন ফোরামের সচিব হরিধন দেবনাথ। সভাপতিত্ব করেন ফোরামের সভাপতি উপেন্দ্র শর্মা। উদ্বোধনী সংগীত পরিবেশন করেন কালচারেল ফোরামের সদস্য শিল্পীগণ। পরিবেশিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

সাব্রুমে বৈশাখী মেলা সমাপ্ত

সোনামুড়া, ১১ মে।। তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং সাব্রুম বৈশাখী মেলা কমিটির উদ্যোগে অনুষ্ঠিত ১১ দিনের সাব্রুম বৈশাখী মেলা ও প্রদর্শনী গতকাল সন্ধ্যায় সাব্রুম মেলার মাঠে সমাপ্ত হয়েছে। সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক শংকর রায়, রাজ্যের বিশিষ্ট সাংবাদিক প্রদীপ দত্ত ভৌমিক, গোমতী জেলা প্রেস ক্লাবের সভাপতি প্রাণময় সাহা, সাব্রুমের মহকুমা শাসক বিপ্লব দাস, বিশিষ্ট সমাজসেবী শান্তিপ্রিয় ভৌমিক প্রমুখ। সমাপ্তি অনুষ্ঠানে অতিথিগণ রাজ্যে শান্তি শৃঙ্খলা বজায় রাখার উপর গুরুত্বারোপ করে বক্তব্য রাখেন।

সমাপ্তি সন্ধ্যায় সাব্রুম প্রেস ক্লাবের পক্ষ থেকে রাজ্য ও বহিঃরাজ্যের শিল্পীদের নিয়ে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সাব্রুম প্রেস ক্লাবের পক্ষ থেকে বিশিষ্ট লেখক দুলাল শীল, সমাজসেবী অনিল শীল এবং শিল্পী দ্বিপান্বিতা চক্রবর্তীকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। সেরা প্রদর্শনী মন্ডপের জন্য স্বাস্থ্য দপ্তর ১ম, পূর্ত দপ্তর ২য় এবং ক্ষুদ্র সেচ দপ্তর ৩য় স্থান লাভ করে। অতিথিগণ পুরস্কৃত দপ্তরের প্রতিনিধিদের হাতে পুরস্কার তুলে দেন। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন সাব্রুম প্রেস ক্লাবের সভাপতি মান্না চৌধুরী।

দুর্গা চৌমুহনী ব্লকে রবীন্দ্র জন্মজয়ন্তী

কমলপুর, ১১ মে।। দুর্গা চৌমুহনী ব্লক ভিত্তিক রবীন্দ্র জন্মজয়ন্তী কুচাইনালা গ্রাম পঞ্চায়েতের নাগবংশী বাজারের মুক্ত মঞ্চে অনুষ্ঠিত হয়। এই উপলক্ষ্যে আয়োজিত হয় ২ দিনব্যাপী বৈশাখী ও সংহতি মেলাও। মেলাকে কেন্দ্র করে সরকারী বিভিন্ন দপ্তরের মোট ৮টি প্রদর্শনী স্টলও খোলা হয়েছিল। ৯ মে রবীন্দ্র জয়ন্তী অনুষ্ঠান সহ ২ দিনব্যাপী মেলার উদ্বোধন করেন বিধায়ক আশিষ দাস। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী মনোজ কান্তি দেব। এছাড়াও অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহকুমা শাসক মানিকলাল বৈদ্য এবং মহকুমা পুলিশ আধিকারিক শঙ্কর চন্দ্র দাস। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজসেবী অনাদি সরকার, সুনীল দাস, মতিলাল দেববর্মা, হালহুলি গ্রাম পঞ্চায়েতের প্রধান সুনীল দাস। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব সন্তোষ দাস।

শান্তিরবাজার মহকুমায় কবি প্রণাম অনুষ্ঠান

শান্তিরবাজার, ১১ মে।। রবীন্দ্র জন্মজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে গত বুধবার শান্তিরবাজার কমিউনিটি হলে মহকুমা ভিত্তিক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং শান্তিরবাজার পুর পরিষদের যৌথ উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক প্রমোদ রিয়াং। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজসেবী সত্যব্রত সাহা, সুমন দেবনাথ এবং বকাফা ব্লকের বি ডি ও প্রদীপ সরকার প্রমুখ। এদিকে, বকাফা ব্লক প্রশাসন এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের যৌথ উদ্যোগে বকাফা ব্লকভিত্তিক রবীন্দ্র জয়ন্তী উদযাপন করা হয় ব্লকের কাঞ্চন নগর বাজারস্থিত নাট মন্দির প্রাঙ্গণে। অনুষ্ঠানে বকাফা ব্লকের বি ডি ও সহ বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন। এলাকার নবীন শিল্পীরা সঙ্গীত, নৃত্য ও আবৃত্তি পরিবেশন করে। এদিন জোলাইবাড়ী ব্লকভিত্তিক রবীন্দ্র জয়ন্তী উদযাপন উপলক্ষ্যে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয় জোলাইবাড়ী দুর্গামন্ডপ প্রাঙ্গণে। এই অনুষ্ঠানের উদ্বোধন করেন জোলাইবাড়ী ব্লকের বি ডি ও সুভাষ দত্ত। অন্যান্যদের মধ্যে সমাজসেবী তাপস দত্ত, প্রাক্তন শিক্ষক বাবুল পাল প্রমুখ উপস্থিত ছিলেন। ব্লক এলাকার বিভিন্ন সংস্থার শিল্পীরা অনুষ্ঠানে রবীন্দ্র সঙ্গীত, নৃত্য এবং আবৃত্তি পরিবেশন করেন।

দীনদয়াল উপাধ্যায় গ্রামীণ কৌশল যোজনায় চড়িলামে প্রশিক্ষণ কর্মসূচি

বিশালগড়, ১১ মে।। চড়িলাম ব্লক এলাকার শিক্ষিত বেকার যুবক যুবতীদের দীনদয়াল উপাধ্যায় গ্রামীণ কৌশল যোজনায় ৬ মাস ব্যাপী প্রশিক্ষণের উদ্যোগ নেওয়া হয়েছে। প্রশিক্ষণ দেওয়া হবে কমপিউটার হার্ডওয়ার সহ আরো নানা সফটওয়ার এপ্লিকেশনের। এ ব্যাপারে চড়িলাম ব্লকের বি ডি ও এবং প্রশিক্ষণের সাথে যুক্ত ওরিয়ন এডুটেকের কর্মকর্তারা জানান ৬ মাস ব্যাপী এই প্রশিক্ষণ দেওয়া হবে সম্পূর্ণ বিনামূল্যে। প্রশিক্ষণ চলাকালীন সময়ে ছাত্র-ছাত্রীদের দেওয়া হবে ইউনিফর্ম, নোট বই ও অন্যান্য প্রয়োজনীয় সুযোগ সুবিধা। এই প্রশিক্ষণ কর্মসূচিতে ব্লকের প্রতিটি পঞ্চায়েত ও ভিলেজ কমিটি এলাকা থেকে এস টি, এস সি, সংখ্যালঘু সহ বি পি এল ভুক্ত পরিবারের শিক্ষিত যুবক যুবতীরা আবেদনের ভিত্তিতে অংশ গ্রহণ করতে পারবে। প্রশিক্ষণ শেষে দেওয়া হবে সার্টিফিকেট। এব্যাপারে চড়িলাম ব্লক কার্যালয়ের পক্ষ থেকে শিক্ষিত বেকার যুবতীদের যোগাযোগের অনুরোধ করা হয়েছে।

জম্পুইজলায় কিষাণ কল্যাণ কর্মশালা আয়োজিত

জম্পুইজলা, ১১ মে।। কৃষি দপ্তরের উদ্যোগে সম্প্রতি জম্পুইজলা

মহকুমার ৫টি স্থানে গ্রাম স্বরাজ অভিযান কর্মসূচীর অঙ্গ হিসেবে কিষাণ কল্যাণ কর্মশালার আয়োজন কর হয়। গাবর্দি কমিউনিটি হলে আয়োজিত কিষাণ কল্যাণ কর্মশালায় উপস্থিত ছিলেন বিধায়ক বীরেন্দ্র কিশোর দেববর্মা, জম্পুইজলা কৃষি মহকুমা তত্ত্বাবধায়ক রাজীব দে সহ এলাকার কৃষকগণ। কর্মশালায় বিধায়ক বীরেন্দ্র কিশোর দেববর্মা বলেন, আমাদের দেশে ২০২২ সালের মধ্যে কৃষকের আয় দ্বিগুণ করার লক্ষ্যে ভারত সরকারের গৃহীত প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা সহ বিভিন্ন কৃষি প্রকল্পগুলি রূপায়িত হচ্ছে। এই সমস্ত প্রকল্পের সুযোগ সুবিধাগুলি কাজে লাগিয়ে কৃষির উৎপাদন বৃদ্ধি করার উপর তিনি গুরুত্বারোপ করেন। এছাড়াও অনুরূপভাবে জম্পুইজলা মহকুমার অন্তর্গত টাকারজলা কমিউনিটি হলে, জম্পুইজলা বীখীরাই হলে, প্রমোদ নগর কমিউনিটি হলে, পাথালিয়াঘাট ভিলেজ কমিটি কার্যালয়ে কিষাণ কল্যাণ কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালাগুলোতে স্থানীয় কৃষকরা, কৃষি সেক্টর আধিকারিকরা উপস্থিত ছিলেন।

দামছড়ায় দুটি স্বাস্থ্য শিবির

কাঞ্চনপুর, ১১ মে।। দামছড়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে পিপলাছড়া এ ডি সি ভিলেজের চেইয়ারায় পাড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্র এবং উত্তর চেইয়ারায় অঙ্গনওয়াড়ি কেন্দ্রে সম্প্রতি স্বাস্থ্য শিবির করা হয়েছে। দুটি শিবিরে ১১৩ জনের স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে অষুধপত্র দেওয়া হয়েছে। এরমধ্যে ৪৫টি শিশু। শিশুদের টিকাও দেওয়া হয়েছে।

উত্তর জেলায় স্বাস্থ্য পরিষেবায় যুক্ত হল ৫টি অ্যাম্বুলেন্স

ধর্মনগর, ১০ মে।। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের উত্তর ত্রিপুরা জেলা কার্যালয়ের উদ্যোগে দপ্তরের জেলা কার্যালয় প্রাঙ্গণে আজ এক অনুষ্ঠানের মধ্য দিয়ে ৫টি অ্যাম্বুলেন্স প্রদান করা হয়। অসুস্থ বা আহত রোগী হাসপাতালে নিয়ে যাবার জন্য এই ৫টি অ্যাম্বুলেন্স ব্যবহৃত হবে। এর মধ্যে ধর্মনগর জেলা হাসপাতালে ১টি, ১টি পানিসাগর সি এইচ সি, ১টি ব্রজেন্দ্রনগর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে, ১টি বুংনাং প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে এবং ১টি শনিছড়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের জন্য দেওয়া হয়। প্রদীপ প্রজ্জ্বলন করে এই অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক বিশ্ববন্ধু সেন। স্বাগত বক্তব্য রাখেন উত্তর জেলার মুখ্য চিকিৎসক ডা: শংকর দাস। সীমান্ত এলাকা উন্নয়ন প্রকল্পে ৫টি অ্যাম্বুলেন্সের জন্য মোট ব্যয় হয়েছে ৪৪ লক্ষ ৫৬ হাজার ৩২৫ টাকা। উদ্বোধকের ভাষণে বিধায়ক বিশ্ববন্ধু সেন বলেন, মানুষকে উন্নতমানের স্বাস্থ্য পরিষেবার সুযোগ দিতে হবে। এই ৫টি অ্যাম্বুলেন্স জেলার স্বাস্থ্য পরিষেবায় অন্তর্ভুক্ত হওয়ায় সংশ্লিষ্ট এলাকার মানুষ উপকৃত হবেন। জেলা হাসপাতাল সহ প্রতিটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র পরিস্কার পরিচ্ছন্ন রাখতে দপ্তরের উদ্যোগের পাশাপাশি তিনি সর্বস্তরের মানুষের সহযোগিতা চেয়েছেন। প্রধান অতিথির ভাষণে বিধায়ক বিনয়ভূষণ দাস বলেন, কিভাবে আরো ভালো স্বাস্থ্য পরিষেবা মানুষকে দেওয়া যায় এজন্য সরকারের উদ্যোগ জারী রয়েছে। সম্মানিত অতিথির ভাষণে বিশিষ্ট সমাজসেবী টিংকু রায় নতুন ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ে তুলতে সকলের সহযোগিতা কামনা করেন। উদ্বোধনী অনুষ্ঠানের পর ৫টি অ্যাম্বুলেন্সের চাবি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের হাতে তুলে দেন বিধায়ক বিশ্ববন্ধু সেন, বিধায়ক বিনয়ভূষণ দাস, বিশিষ্ট সমাজসেবী টিংকু রায়, মুখ্য চিকিৎসক ডা: শংকর দাস সহ বিশিষ্ট জনেরা। উল্লেখ্য সীমান্ত উন্নয়ন প্রকল্পের ২০১৬-১৭ অর্থ বছরের অর্থে এই ৫টি অ্যাম্বুলেন্স দেওয়া হয়।

ধর্মনগরে রক্তদান শিবির

ধর্মনগর, ১০ মে।। ডিপ্লোমা ইন এলিমেন্টারী এডুকেশন ধর্মনগরের পদ্মপুর স্টাডি সেন্টারের প্রশিক্ষণার্থীদের উদ্যোগে আজ পদ্মপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে অনুষ্ঠিত স্বেচ্ছা রক্তদান শিবিরে পুরুষ ও মহিলা সহ ১৭ জন স্বেচ্ছায় রক্তদান করেন। প্রদীপ প্রজ্জ্বলন করে রক্তদান শিবিরের উদ্বোধন করেন বিধায়ক বিশ্ববন্ধু সেন। উদ্বোধকের ভাষণে তিনি রক্তদানের মত মহান কাজে প্রশিক্ষণার্থীদের এগিয়ে আসার জন্য তাদের অভিনন্দন জানান।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিভাস সিনহা। এছাড়া স্বেচ্ছা রক্তদানের প্রয়োজনীয়তা ও গুরুত্ব নিয়ে অনুষ্ঠানের সভাপতি সমাজসেবী শ্যামল নাথ, সি এম ও ডা: শঙ্কর দাস বক্তব্য রাখেন।

বিজয় কে ছিব্বার মুখ্যমন্ত্রীর উপদেষ্টা হিসাবে নিযুক্ত

আগরতলা, ১০ মে।। মণিপুর-ত্রিপুরা ক্যাডারের অবসরপ্রাপ্ত আই এ এস অফিসার বিজয় কে ছিব্বার (১৯৭৮ ব্যাচ)-কে রাজ্যের মুখ্যমন্ত্রীর উপদেষ্টা হিসাবে নিযুক্ত করা হয়েছে। আজ রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। রাজ্য সরকারের সাধারণ প্রশাসন (কনফিডেনশিয়াল এন্ড কেবিনেট) দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।

১৪-১৫ মে কাকড়াবনে চড়ক মেলা ও গাজন উৎসব

উদয়পুর, ১০ মে।। তথ্য ও সংস্কৃতি দপ্তর, কাকড়াবন আর ডি ব্লক এবং চড়ক মেলা কমিটির যৌথ উদ্যোগে আগামী ১৪ এবং ১৫ মে কাকড়াবন ব্লকের মেলাঘর টিলা এস বি স্কুল প্রাঙ্গণে চড়ক মেলা ও গাজন উৎসব অনুষ্ঠিত হবে। ১৪ মে সন্ধ্যায় এই উৎসবের উদ্বোধন করবেন পর্যটন মন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। প্রধান অতিথি হিসাবে বিধায়ক রামপদ জমাতিয়া, বিশেষ অতিথি হিসাবে বিধায়ক বিপ্লব কুমার ঘোষ, বিধায়ক রতন ভৌমিক, উদয়পুর মহকুমার মহকুমা শাসক শুভাশীষ বন্দ্যোপাধ্যায়, মহকুমা পুলিশ আধিকারিক হিমাদ্রী প্রসাদ দাস, সমাজসেবী পদ্মমোহন জমাতিয়া, জীতেন্দ্র মজুমদার, অভিষেক দেবরায়, রাজীব সমাদ্দার প্রমুখ উপস্থিত থাকবেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন কাকড়াবন পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুনীতি রায়।

আম্বেদকর জন্মজয়ন্তী : ১৪ মে উদয়পুরে আলোচনা সভা

উদয়পুর, ১০ মে।। মহকুমা প্রশাসনের উদ্যোগে আগামী ১৪ মে উদয়পুর টাউন হলে ড: বি আর আম্বেদকরের ১২৮-তম জন্মজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে সামাজিক ন্যায় ও ড: বি আর আম্বেদকর শীর্ষক মহকুমা ভিত্তিক আলোচনা সভার আয়োজন করা হয়েছে। এই অনুষ্ঠানের উদ্বোধন করবেন পর্যটন মন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকবেন বিধায়ক রামদপ জমাতিয়া, বিধায়ক বিপ্লব কুমার ঘোষ, বিশিষ্ট সমাজসেবী পদ্ম মোহন জমাতিয়া প্রমুখ। প্রধান বক্তা হিসাবে উপস্থিত থাকবেন স্বামী বিবেকানন্দ মহাবিদ্যালয়ের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ড: নির্মল ভদ্র। সম্মানিত অতিথি হিসাবে থাকবেন গোপাল দাস, মানিক দাস, সুকুমার দাস, অমল সরকার, অমর চন্দ্র দাস প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন সমাজসেবী জীতেন্দ্র মজুমদার।